দৈনিক
ইত্তেফাক

তারিখ 09 JUL 2008
পৃষ্ঠা ১২ কলাম ৪

# জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রস্তাবিত নীতিমালা পেশ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য এ সংক্রান্ত কমিটির প্রস্তাবনা জমা দিয়েছে জাতীয় শিক্ষক কর্মচারি ফ্রন্ট। ফ্রন্টের প্রধান সমন্বয়কারী ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ফ্রন্টের পক্ষে নতুন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সরকারি অনুদানভুক্তকরণ নীতিমালা প্রণয়ন কমিটির প্রধান প্রধানমন্ত্রীর উপদেষ্টা ড. আলাউদ্দিন আহমেদের কাছে ২১টি লিখিত প্রস্তাব জমা দেন। প্রস্তাবনার মধ্যে রয়েছে প্রতিটি উপজেলাকে এমপিওভুক্তির আওতায় আনা, হাওড়- দুর্গম এলাকা, আদিবাসীদের প্রতিষ্ঠান এবং শিক্ষাক্ষেত্রে পশ্চাৎপদ এলাকাকে অগ্রাধিকার প্রদান, সহ-শিক্ষাদান প্রতিষ্ঠানকে অগ্রাধিকার, শিক্ষক ছাত্রের অনুপাত ১:৪০ নীতি অনুসরণ, এমপিওভুক্তি প্রদান সংক্রান্ত শিক্ষা বিষয়ক সংসদীয় কমিটির সুপারিশ বিবেচনা, এমফিল, পিএইচডি ডিগ্রীধারী এবং মুক্তিযোদ্ধা শিক্ষকদের অগ্রাধিকার, দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকের স্বল্পতারোধে বেসরকারি শিক্ষকদের অবসরের বয়সসীমা ৬৫ তে উন্নীত করে এমপিও প্রদান, এমপিভুক্তি খাতে বরাদ্দ বৃদ্ধি করে প্রতিবছর যোগ্য শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তি করা প্রভৃতি। এছাড়া বিগত চারদলীয় জোট সরকারের আমলে এমপিও বঞ্চিত হয়েছে এমন প্রতিষ্ঠানকে অগ্রাধিকারের দেয়ার বিষয়টিও প্রস্তাবনায় উল্লেখ করা হয়। কাজী ফারুক আহমেদ বলেন, জাতীয় শিক্ষক কর্মচারি ফ্রন্টের এ প্রস্তাবনার আলোকে সরকার এমপিওভুক্তির জন্য নতুন নীতিমালা প্রণয়ন করবে-এটাই শিক্ষকদের প্রত্যাশা।